## স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

### বাংলা

### সেমেস্টার : ২ : কোর্স : ৪

### বাংলা কথাসাহিত্য

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। মানুষের সততা ও নীচতার কোন্ পরিচয় 'শ্রীকান্ত' উপন্যাসে লভ্য তা আলোচনা করো। ১০

২। শ্রীকান্তের কোন্ কোন্ অলৌকিক অভিজ্ঞতা 'শ্রীকান্ত' উপন্যাসে বর্তমান তা উল্লেখ করে তার গুরুত্ব বিচার করো। ১০

৩। ইন্দ্রনাথ-শ্রীকান্তের পারস্পরিক সম্পর্ক উপন্যাসের আঙ্গিকের দিক থেকে কতখানি মূল্যবান তা ব্যাখ্যা করো। ১০

**একক - ২**

৪। কেবলমাত্র বিলুর অন্তর্ভাষণের মধ্য দিয়ে (অন্যদের দৃষ্টিকোণ থেকে নয়) তার অন্তর্লোকের যে পরিচয় পাওয়া যায়, 'জাগরী' উপন্যাস অবলম্বনে তা বিবৃত করো। ১০

৫। চেতনাপ্রবাহ রীতি 'জাগরী' উপন্যাসে কীভাবে এবং কতখানি অনুসৃত হয়েছে– এ বিষয়ে তোমার নিজের মতামত ব্যক্ত করো। ১০

৬। একদিকে নিষ্ঠাপূর্ণ রাজনৈতিক আদর্শবাদ অন্যদিকে মানবীয় স্বাভাবিক সংবেদনশীলতা– 'জাগরী' উপন্যাসের বাবা চরিত্রটি উভয়ের সংমিশ্রণে উজ্জ্বল। এই মন্তব্যকে তুমি সমর্থন করবে কিনা লেখো। ১০

**একক - ৩**

৭। ''মানুষের সমুদ্রের, ঝড়ের উত্তাল সমুদ্রের সঙ্গে লড়া যায় না।''– এই উক্তির পরিপ্রেক্ষিতে মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারাণের নাতজামাই' গল্পে মানুষের সংঘবদ্ধ প্রতিরোধ ও সংগ্রামী চেতনার যে উদ্‌ভাসন লক্ষ করা যায়– তা আলোচনা করো। ১০

৮। বাল্য ও কৈশোরের অবক্ষয়ের যে ছবি সমরেশ বসু এঁকেছেন, তোমাদের পাঠ্য গল্প অবলম্বনে তার কার্যকারণ বিশ্লেষণ করো। ১০

৯। ক্ষুধা সমরেশ বসু অঙ্কিত চরিত্রদের কীভাবে নিয়ন্ত্রণ করেছে, 'পাড়ি' এবং 'দুলে বাড়ির ভাত' গল্প অবলম্বনে তা আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) : ২×৫=১০

(ক) 'দি রয়েল বেঙ্গল টাইগার'

(খ) জ্যাঠাইমা

(গ) সরস্বতী

(ঘ) 'প্রাগৈতিহাসিক' গল্পের পাঁচী

(ঙ) সুবালা

(চ) শাহজী